



কৃষিই সমৃদ্ধি




বোরো ধান চাষ

বোরো ধান বা বাসন্তিক ধান একটি শীতকালীন ধান ও রবিশস্য। বোরো ধানকে বৈশাখী ধান নামেও ডাকা হয়। বৃহত্তর সিলেট অঞ্চলের ৮০% চাষযোগ্য জমিতে বোরো ধান চাষ করা হয়। কিন্তু জানুয়ারি-ফেব্রুয়ারি মাসের ঠান্ডার তীব্রতা এবং এপ্রিল-মে মাসে ভারী বৃষ্টিপাতের কারণে আগাম বন্যা বোরো ধান চাষের প্রধান অন্তরায়। তাই সঠিক জাত নির্বাচন ও পরিচর্যা এবং আধুনিক ধান চাষ প্রযুক্তি গ্রহণ একান্ত প্রয়োজন।

বোরো মৌসুমে সিলেট অঞ্চলে ধানের বীজ বপনের উপযুক্ত সময়

জীবনকাল/পর্যায়	বীজ বপন	কাইচুখাড়	কর্তন পর্যায়	সম্ভাব্য ঝাঁক
দীর্ঘ মেয়াদি জাতের ক্ষেত্রে (জীবনকাল ১৫০ দিনের বেশি)	১৫ই অক্টোবর	১৪ই ফেব্রুয়ারি	১০ই এপ্রিল	চিটা হতে পারে।
	১লা নভেম্বর	২৪শে ফেব্রুয়ারি	২০ই এপ্রিল	চিটা হবার সম্ভাবনা নাই।
	১৫ই নভেম্বর	৩রা মার্চ	২রা মার্চ	চিটা হবার সম্ভাবনা নাই তবে বৈশাখী ঢলে আক্রান্ত হতে পারে।
স্বল্প মেয়াদি জাতের ক্ষেত্রে (জীবনকাল ১৫০ দিনের কম)	১৫ই অক্টোবর	৩০শে জানুয়ারি	২৮শে মার্চ	চিটা হতে পারে।
	১লা নভেম্বর	৭ই ফেব্রুয়ারি	৪ঠা এপ্রিল	চিটা হতে পারে
	১৫ই নভেম্বর	১৬ই ফেব্রুয়ারি	১০শে এপ্রিল	চিটা হবার সম্ভাবনা নাই।

বোরো মৌসুমে সিলেট অঞ্চলের জন্য উপযুক্ত উফশি ধানের জাত



বীজতলায় যত্ন: শৈত্য প্রবাহ থেকে রক্ষার জন্য বীজ তলায় ৩-৫ সেমি. পানি ধরে রাখতে হবে অথবা সূর্য উঠার ২-৪ ঘন্টা পর থেকে সাদা স্বচ্ছ পলিথিনে ঢেকে দিয়ে সূর্য ডোবার সাথে সাথে পলিথিন তুলে দিতে হবে।

চারার রোপণ: স্বল্প মেয়াদি জাতগুলোর চারার উপযুক্ত বয়স হলো ৩০-৩৫ দিন এবং দীর্ঘ মেয়াদি জাতগুলোর চারার উপযুক্ত বয়স হলো ৩৫-৪৫ দিন। ২৫ সেমি. * ১৫ সেমি. ব্যবধানে এবং লগো পদ্ধতিতে (৮-১০ সারি পর পর এক সারি ফাঁকা রাখা) রোপণ করা উত্তম। চারা রোপণের পর শৈত্য প্রবাহ হলে মাঠে ১০-১৫ সেমি. পানি ধরে রাখতে হবে।

বোরো ধানে সার ব্যবস্থাপনা, সেচ ব্যবস্থাপনা ও আগাছা দমন খুবই গুরুত্বপূর্ণ আন্তঃপরিচর্যা। তাই সর্বোচ্চ ফলন পেতে হলে আধুনিক ধান চাষ প্রযুক্তি গ্রহণ একান্ত প্রয়োজন। বাংলাদেশে চাষযোগ্য জমি দিন দিন কমছে এবং লোকসংখ্যা বাড়ছে। ক্রমবর্ধমান জনসংখ্যার খাদ্য চাহিদা মেটাতে উফশি ধানের পাশাপাশি হাইব্রিড ধান চাষের বিকল্প নেই। উফশী জাতের তুলনায় হাইব্রিড ধান চাষে ৩০-৪০% ফলন বৃদ্ধি হয়। তাই হাইব্রিড ধান চাষাবাদ সময়ের দাবি। আমাদের খাদ্য চাহিদা পূরণের জন্য উফশি ধানের পাশাপাশি হাইব্রিড ধানের আবাদ বৃদ্ধি করতে হবে এবং আধুনিক পদ্ধতিতে চাষাবাদ করে অধিক উৎপাদন নিশ্চিত করতে হবে। বোরো ধান উৎপাদন বিষয়ে প্রযুক্তিগত বিস্তারিত পরামর্শ প্রাপ্তির লক্ষ্যে নিকটস্থ উপসহকারী কৃষি কর্মকর্তা বা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করতে পারেন।

প্রচারক: উপজেলা কৃষি অফিস, নবীগঞ্জ, হবিগঞ্জ।